

হেলাল হাফিজ-এর কবিতাঃ

নিষিদ্ধ সম্পাদকীয়

এখন যৌবন যার মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়  
এখন যৌবন যার যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময়  
মিছিলের সব হাত  
কন্ঠ  
পা এক নয় ।

সেখানে সংসারী থাকে, সংসার বিরাগী থাকে,  
কেউ আসে রাজপথে সাজাতে সংসার ।  
কেউ আসে জ্বালিয়ে বা জ্বালাতে সংসার  
শাস্ত্র শান্তির যারা তারাও যুদ্ধে আসে  
অবশ্য আসতে হয় মাঝে মধ্যে  
অস্তিত্বের প্রগাঢ় আহ্বানে,  
কেউ আবার যুদ্ধবাজ হয়ে যায় মোহরের প্রিয় প্রলোভনে  
কোনো কোনো প্রেম আছে প্রেমিককে খুণী হতে হয় ।

যদি কেউ ভালোবেসে খুণী হতে চান  
তাই হয়ে যান  
উৎকৃষ্ট সময় কিন্তু আজ বয়ে যায় ।

এখন যৌবন যার মিছিলে যাবার তার শ্রেষ্ঠ সময়  
এখন যৌবন যার যুদ্ধে যাবার তার শ্রেষ্ঠ সময় ।

ফেরীঅলা

কষ্ট নেবে কষ্ট  
হরেক রকম কষ্ট আছে  
কষ্ট নেবে কষ্ট !

লাল কষ্ট নীল কষ্ট কাঁচা হলুদ রঙের কষ্ট  
পাথর চাপা সবুজ ঘাসের সাদা কষ্ট,  
আলোর মাঝে কালোর কষ্ট  
'মালটি-কালার' কষ্ট আছে  
কষ্ট নেবে কষ্ট ।

ঘরের কষ্ট পরেরর কষ্ট পাখি এবং পাতার কষ্ট  
দাড়ির কষ্ট

চোখের বুকের নখের কষ্ট,  
একটি মানুষ খুব নীরবে নষ্ট হবার কষ্ট আছে  
কষ্ট নেবে কষ্ট ।

প্রেমের কষ্ট ঘণার কষ্ট নদী এবং নারীর কষ্ট  
অনাদর ও অবহেলার তুমুল কষ্ট,  
ভুল রমণী ভালোবাসার  
ভুল নেতাদের জনসভার  
হাইড্রোজনে দুইটি জোকার নষ্ট হবার কষ্ট আছে  
কষ্ট নেবে কষ্ট ।

দিনের কষ্ট রাতের কষ্ট  
পথের এবং পায়ের কষ্ট  
অসাধারণ করুণ চারু কষ্ট ফেরীঅলার কষ্ট  
কষ্ট নেবে কষ্ট ।

আর কে দেবে আমি ছাড়া  
আসল শোভন কষ্ট,  
কার পুড়েছে জন্ম থেকে কপাল এমন  
আমার মত ক'জনের আর  
সব হয়েছে নষ্ট,  
আর কে দেবে আমার মতো হুঁপুঁপু কষ্ট ।